



বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ভবন (৫ম তলা), ৫৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
Web: www.bnf.gov.bd

স্মারক নং-বিএনএফ/প্রশাঃ/নিয়োগ/০৭/২১/১৫১

তারিখঃ ১৯/০৫/২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর অধীন একটি স্ব-শাসিত প্রতিষ্ঠান)-এ নিম্নলিখিত পদে প্যানেল প্রস্তুত করে শিক্ষানবিশ (শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন হলে স্থায়ীযোগ্য) হিসেবে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম ও বেতনঃ	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০১।	পদের নাম: জুনিয়র নির্বাহী অফিসার বিএনএফ বেতন স্কেল-২০১৬ অনুযায়ী মূল বেতন ৳ ২১,০০০ – ৩৫,৯২০/- সহ মূল বেতনের ৬০% বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, উৎসব ভাতা, সন্তানের জন্য শিক্ষা সহায়ক ভাতা, গোষ্ঠী বীমা, ভবিষ্য তহবিল, আনুতোষিক, অর্জিত ছুটি নগদায়ন-সহ বিধিমালা মোতাবেক অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।	০৩ (তিন)	সর্বোচ্চ ৩৫ বছর	কমপক্ষে যে কোন ১টি পরীক্ষায় প্রথম বিভাগ/শ্রেণীসহ দ্বিতীয় বিভাগ/শ্রেণীতে স্নাতক সম্মান বা সমমানের ডিগ্রী।
০২।	পদের নাম: নির্বাহী সহকারী বিএনএফ বেতন স্কেল -২০১৬ অনুযায়ী মূল বেতন ৳ ১৬,৪০০ – ২৮,০৫০/- সহ মূল বেতনের ৬০% বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, উৎসব ভাতা, সন্তানের জন্য শিক্ষা সহায়ক ভাতা, গোষ্ঠী বীমা, ভবিষ্য তহবিল, আনুতোষিক, অর্জিত ছুটি নগদায়ন-সহ বিধিমালা মোতাবেক অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।	০৪ (চার)	সর্বোচ্চ ৩৫ বছর	কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ স্নাতক বা সমমানের ডিগ্রী।

শর্তাবলীঃ

- ০১। “বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন”-এর অনুকূলে যে কোন তফসিলি বাণিজ্যিক ব্যাংক হতে ১৫০/- টাকা (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে যুক্ত করতে হবে;
- ০২। ১৯ জুন ২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ভবন (৫ম তলা), ৫৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২ বরাবরে আবেদনপত্র পৌঁছাতে হবে;
- ০৩। সকল পদে প্রার্থীর বয়স ১৮ মে ২০২৫ তারিখে সর্বোচ্চ ৩৫ বছর এবং সর্বনিম্ন ১৮ বছর হতে হবে। তবে, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন-এ কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য;
- ০৪। পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কে প্রার্থীগণকে যথাসময়ে এসএমএস, ই-মেইল ও তার স্ব-স্ব বর্তমান ঠিকানায় জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
- ০৫। কম্পিউটার বিষয়ে উপযুক্ত দক্ষতা (ওয়ার্ড, এক্সসেল, পাওয়ার পয়েন্ট ইত্যাদি কাজ জানতে হবে, ই-মেইল করা ও খোলা ইত্যাদি জানতে হবে) থাকতে হবে, এ সংক্রান্ত প্রমাণ্য কাগজপত্র বা প্রত্যয়নপত্র থাকতে হবে;
- ০৬। আবেদনের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/মেয়র/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান/প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি, অভিজ্ঞতা সনদের অনুলিপি (যদি থাকে), কম্পিউটার বিষয়ে দক্ষতার প্রমাণ্য কাগজপত্র বা প্রত্যয়নপত্রের অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে যথাযথ চারিত্রিক সার্টিফিকেট এবং সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে প্রয়োজনীয় তথ্যাদির সাথে ই-মেইল ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে এবং খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে;
- ০৭। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অন্যান্য চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
- ০৮। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী জিপিএ/সিজিপিএ এর বিপরীতে ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নির্ধারিত হবে);
- ০৯। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। সর্বক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- ১০। কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন